# ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)

আদাবর, মোহাম্মদপুর, ঢাকা।

# টেন্ডার সিডিউল

দরপত্র নং: ইএসডিও/প্রকিউরমেন্ট/১২৬/৬৮২/২০২৫-২০২৬

তারিখঃ ০৭/০৫/২০২৬ইং

## কাজের নামঃ প্রজেক্টর প্রিন্টার ক্রয়ের দরপত্র।

Eco-Social Development Organisation (ESDO)
Date 07.05.26
Collegepara, Thakurgaon

কাজের বর্ননাঃ

**ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)** একটি জাতীয় পর্যায়ের বেসরকারী সংস্থা, যা গত ১৯৮৮ সাল হতে সামাজিক উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধিমূলক বিভিন্ন কার্যক্রম/প্রকল্প বাস্তবায়ন করে আসছে। ইএসডিও কর্তৃক বাস্তবায়িত এবং প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর সহায়তায়-Integrated Sponsorship Programme in Rangpur-CNO প্রকল্প নীলফামারী জেলার জলঢাকা উপজেলায় বাস্তবায়ন করছে। উক্ত প্রকল্পের জন্য প্রজেক্টর প্রিন্টার ক্রয়ের নিমিত্তে প্রকৃত আইটি ইকুয়্যিপমেন্ট ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে ইএসডিও কর্তৃক নির্ধারিত সিডিউলে শর্তাবলী সাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

পূরণকৃত সিডিউলটি আগামী ২০/০৫/২০২৬ইং তারিখ বিকাল ০৩.০০ টার মধ্যে মুখবন্ধ খামে **আহ্বায়ক, বিশেষ ক্রয় কমিটি, ইএসডিও ঢাকা অফিস, আদাবর, রোড নং: ০৮, বাসা নং: ৭৪৮, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ বরাবরে** কুরিয়ার/ডাকযোগের অথবা সরাসরি টেন্ডার বক্স এ জমা/প্রেরণ করা যাবে। দাখিলকৃত দরপত্র ২০/০৫/২০২৬ইং তারিখ বিকাল ০৩:৩০ টায় ইএসডিও ঢাকা অফিস কনফারেন্স রুমে এ খোলা হবে (উক্ত সময়ে আগ্রহী দরদাতাগণ উপস্থিত থাকতে পারবেন)।

**দরপত্র দাখিলের শর্তাবলী ঃ**

১. দরপত্রে উপরোক্ত বিবরণ মোতাবেক প্রতিটি এককের, একক মূল্য ও মোট মূল্য ভ্যাট ও ট্যাক্স সংযুক্ত করে দর প্রদান করতে হবে। বিল প্রদানের সময় সরকারি বিধি মোতাবেক বিল হতে ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।

২. দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স (২০২৫-২০২৬), ভ্যাট ও টিন রেজিস্ট্রেশন পত্র (সকল) ফটোকপি সংযুক্ত করতে হবে।

৩. হালনাগাদ আয়কর রিটার্ন জমা স্লিপ অথবা আয়কর রিটার্নের সনদ পত্র না থাকলে বিল প্রদানের সময় ৫০% বেশী ট্যাক্স কর্তন করা হবে।

৪. দরদাতাগণকে টেন্ডার সিডিউলে সংযুক্ত আর্থিক প্রস্তাবনায় ও প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে দর প্রদান করতে হবে।

৫. কার্যাদেশ গ্রহন/চুক্তির পূর্বে টেন্ডার সিডিউলের শর্ত অনুসারে সর্বমোট চুক্তি মুল্যের ২% হারে পারফরমেন্স সিকিউরিটি পে-অর্ডার আকারে "ইকো-সোশ্যাল ডেভলপমেন্ট অর্গানাইজেশন (ইএসডিও)" অনুকূলে জমা প্রদান করতে হবে।

৬. পারফরমেন্স সিকিউরিটি হিসেবে ইএসডিও'র নিকট জমাকৃত পে-অর্ডারটি সফলভাবে মালামাল সরবরাহের ১৫ দিন পর ফেরৎ দেওয়া হবে।

৭. দরপত্রের সহিত দরদাতা কর্তৃক কোন অতিরিক্ত শর্তারোপ করা যাবে না।

৮. দরদাতা কর্তৃক দরপত্রে প্রদানকৃত দর কমপক্ষে ১ মাস পর্যন্ত কোন অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।

৯. দরপত্রের কোন স্থানে লেখার উপর কোন ঘষামাজা, অস্পষ্টতা বা কাটাকাটি গ্রহনযোগ্য হবে না। যদি কোন স্থানে কাটাকাটি হয় তাহলে উহা স্পষ্ট অক্ষরে লিখে সংশ্লিষ্ট দরদাতার অনুস্বাক্ষর করতে হবে। অন্যথায় দরপত্রটি বাতিল বলে গন্য হবে।

১০. যথাসময়ে মালামাল সরবরাহ করতে না পারলে প্রতি সপ্তাহে মোট বিলের ১% হারে টাকা কর্তন করা হবে।

১১. মালামালের পরিমান/নির্দিষ্ট সংখ্যা কার্যাদেশের মাধ্যমে জানানো হবে।

১২. পণ্যের বিক্রয়োত্তর সেবা, গ্যারান্টি, ওয়ারেন্টির বিষয় থাকলে তা কিভাবে নিশ্চিত করা হবে তা সুস্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

১৩. মালামালের গুনগত মানের সাথে কোন প্রকার সমঝোতা/আপস গ্রহণযোগ্য হবে না।

১৪. মালামাল সরবরাহকারী নিজ খরচে ইএসডিও কমিউনিটি লার্নিং সেন্টার (প্ল্যান অফিস) জলঢাকা নীলফামারী এই ঠিকানায় পৌঁছে দিতে হবে। পরিবহন জনিত ক্ষয়ক্ষতি সরবরাহকারীকে বহন করতে হবে।

Eco-Social Development Organisation (ESDO)
Date: 07.05.26
Collegepara, Thakurgaon

১৫. মালমাল প্রাপ্তির পর সংশ্লিষ্ট কর্মী দ্বারা গুনগত মান যাচাই বাছাই করার পর বিল প্রাপ্তি সাপেক্ষে যাচাই করে সরবরাহকারী প্রতিষ্ঠানের নামে একাউন্ট-পে চেক/ডিডি'র মাধ্যমে পরিশোধ করা হবে। ডিডি'র ক্ষেত্রে নির্বাচিত সরবরাহকারী'কে খরচ বহন করতে হবে।

১৬. ইএসডিও কখনই শিশু শ্রমকে প্রশ্রয় দেয় না। যে সব প্রতিষ্ঠানে শিশু শ্রমিক নিয়োজিত রয়েছে সেই সব প্রতিষ্ঠানকে দরপত্র প্রদান না করার অনুরোধ করা হচ্ছে। দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোনরুপ নারী/শিশু নির্যাতনের অভিযোগ থাকলে এবং তা প্রমাণিত হলে উক্ত প্রতিষ্ঠানের দরপত্র/কার্যাদেশ বাতিল করার ক্ষমতা ইএসডিও কতৃপক্ষ সংরক্ষণ করে।

১৭. ইএসডিও কর্তৃপক্ষ সর্বনিম্ন দরদাতাকে কার্যাদেশ প্রদানে বাধ্য নয়। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ দাখিলকৃত সকল দরপত্র অথবা তার অংশ বিশেষ গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা রাখেন।

সরবরাহকারী প্রতিষ্ঠানের

নামঃ

স্বাক্ষরঃ

(তারিখ ও সীলসহ)

আহ্বায়ক
বিশেষ ক্রয় কমিটি
ইএসডিও, আদাবর, ঢাকা।

Eco-Social Development Organisation (ESDO)
Date 07.05.26
Collegepara, Thakurgaon

মালামালের বিবরনঃ

| ক্রমিক নং | মালামালের বিবরণ | পরিমান |
|---|---|---|
| ০১ | View Sonic-Smart LED. Portable Mini Projector.<br>*Model M1X<br>*Brightness: 360 (LED Lense)<br>*Resolution: 854 x 480<br>*Power full Sound Delivered by build in Harman Kardon Speakers<br>*Smart Capability WIFI Screen Mirroring<br>*USB-C Streaming and Bluetooth Connectivity | ১০ টি |
| ০২ | Pendrive:<br>Capacity.<br>*64 GB<br>*Access Time read MBPS 100 mb/s<br>*Brand: Dahua/Apacer/Adata/Equavalent<br>* Weight: 8-10 gm (net)<br>*Warranty details- 5 Years | ১০ টি |
| ০৩ | Epson Eco Tank L 3250<br>* A4 WIFI Multifunction INK Tank Printer (official)<br>* Model: Eco Tank L 3250<br>*Function: Preint Screen Copy Compact integrated tank Design<br>* Border less printing wr To 4r<br>* Wi-Fi & Wi Fi Direct<br>Or<br>Brother DcP –T530 DW Multifunctional Color Inject Printer<br>* Model: DCP- T 530 DW<br>* Functions: Print, Copy Scan,<br>Printer Type, Inject Printer<br>* Connectivity- Dual Band Warless, USB 2.0.<br>Or Equivalent | ০১ টি |

মালামালের আর্থিক প্রস্তাবনাঃ

| ক্রমিক নং | মালামালের বিবরণ | পরিমান | একক মূল্য | মোট মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | View Sonic-Smart LED. Portable Mini Projector.<br>*Model M1X<br>*Brightness: 360 (LED Lense)<br>*Resolution: 854 x 480<br>*Power full Sound Delivered by build in Harman Kardon Speakers<br>*Smart Capability WIFI Screen Mirroring<br>*USB-C Streaming and Bluetooth Connectivity | ১০ টি | | | |
| ০২ | Pendrive:<br>Capacity.<br>*64 GB<br>*Access Time read MBPS 100 mb/s<br>*Brand: Dahua/Apacer/Adata/Equivalent<br>* Weight: 8-10 gm (net)<br>*Warranty details- 5 Years | ১০ টি | | | |
| ০৩ | Epson Eco Tank L 3250<br>* A4 WIFI Multifunction INK Tank Printer (official)<br>* Model: Eco Tank L 3250<br>*Function: Preint Screen Copy Compact integrated tank Design<br>* Border less printing wr To 4r<br>* Wi-Fi & Wi Fi Direct<br>Or<br>Brother DcP –T530 DW Multifunctional Color Inject Printer<br>* Model: DCP- T 530 DW<br>* Functions: Print, Copy Scan, Printer Type, Inject Printer<br>* Connectivity- Dual Band Warless, USB 2.0.<br>Or Equivalent | ০১ টি | | | |
| | | | মোট | | |

কথায়ঃ .................................................................................................................. ।

Eco-Social Development Organisation (ESDO) * Collegepara, Thakurgaon * Date. 07.05.26